

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৩২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৬১]

৮. কিতাবুস্ সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ কাপড যদি ছোট হয়

بَابِ إِذَا كَانَ الثَّوْبُ ضَيِّقًا

আরবী

[[] جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ قال خَرَجْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَعْضِ أَسْفَارِهِ فَجِئْتُ لَيْلَةً لِبَعْضِ أَمْرِي فَوَجَدْتُهُ يُصلِّي وَعَلَيَّ تَوْبٌ وَاحِدٌ فَاشْتَمَلْتُ بِهِ وَصَلَّيْتُ إِلَى فَجَانِبِهِ فَلَمَّا الْمُرِي فَوَجَدْتُهُ يُصلِّي وَعَلَيَّ تَوْبٌ وَاحِدٌ فَاشْتَمَلْتُ بِهِ وَصَلَّيْتُ إِلَى جَانِبِهِ فَلَمَّا الْمُرى يَا جَابِرُ فَأَخْبَرْتُهُ بِحَاجَتِي فَلَمَّا فَرَغْتُ قَالَ مَا السُّرَى يَا جَابِرُ فَأَخْبَرْتُهُ بِحَاجَتِي فَلَمَّا فَرَغْتُ قَالَ مَا هَذَا الْاشْتِمَالُ النَّذِي رَأَيْتُ قُلْتُ كَانَ تَوْبٌ يَعْنِي ضَاقَ قَالَ فَإِنْ كَانَ وَاسِعًا فَالْتَحِفْ بِهِ وَإِنْ كَانَ ضَيِّقًا فَاتَرْرْ بِهِ كَانَ صَلَيْقًا فَاتَرْرْ بِهِ

বাংলা

২৩২) জাবের বিন আব্দুল্লাহ্ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা আমি রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের সাথে কোন এক সফরে বের হলাম। রাত্রিতে কোন জরুরী কাজে রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের নিকটে উপস্থিত হলাম। দেখতে পেলাম তিনি একটি মাত্র কাপড় পরিধান করে নামায আদায় করছেন। এ সময় আমার পরনেও একটি কাপড় ছিল। আমি কাপড়িট শরীরের সাথে জড়িয়ে নিয়ে তাঁর পাশে দাঁড়িয়ে নামায পড়া শুরু করে দিলাম। নামায শেষে তিনি বললেনঃ হে জাবের! রাতের বেলা কেন আসলে? জাবের (রাঃ) বলেনঃ আমি আমার প্রয়োজনের কথা বললাম। কথা শেষ করলে তিনি বললেনঃ এভাবে কাপড় জড়িয়ে নিয়েছো কেন যা আমি দেখতে পাচ্ছি? আমি বললামঃ কাপড় ছিল মাত্র একটি। তাই উহা আমি শরীরে জড়িয়ে নিয়েছি। তখন তিনি বললেনঃ কাপড় যদি প্রশন্ত হয়, তবে উহা শরীরে জড়িয়ে নাও। আর যদি ছোট হয় তাহলে উহা লুঙ্গি হিসাবে পরিধান কর।

English

If the garment is tight (over the body)

Narrated Sa`id bin Al-Harith:

I asked Jabir bin `Abdullah about praying in a single garment. He said, "I



traveled with the Prophet (during some of his journeys, and I came to him at night for some purpose and I found him praying. At that time, I was wearing a single garment with which I covered my shoulders and prayed by his side. When he finished the prayer, he asked, 'O Jabir! What has brought you here?' I told him what I wanted. When I finished, he asked, 'O Jabir! What is this garment which I have seen and with which you covered your shoulders?' I replied, 'It is a (tight) garment.' He said, 'If the garment is large enough, wrap it round the body (covering the shoulders) and if it is tight (too short) then use it as an Izar (tie it around your waist only.)' "

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন